দৈনিক বাংলা

তারিখ 09 DEC 1992
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

54

# বালিকা বিদ্যালয় সরকারী করার আবেদন

মানিকগঞ্জ জেলার হরিরামপুর থানাধীন বিখ্যাত বাণিজ্যিক কেন্দ্র ঝিটকা হাটের নিকটে জেলা সদর পাকা রাস্তার পাশে অত্যন্ত মনোরম পরিবেশে ১৯৬৭ ইং সনে ঝিটকা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে। মানিকগঞ্জ জেলা সদর সরকারী বালিকা বিদ্যালয় ব্যতীত এটিই জেলার একমাত্র স্বীকৃতি প্রাপ্ত প্রথম ও বৃহত্তম বেসরকারী বালিকা বিদ্যালয়। এই বিদ্যালয়টিতে বহুমুখী শিক্ষা ব্যবস্থা চালু আছে এবং এতে প্রায় সোয়া সাতশ' বালিকা অধ্যয়ন করছে। শিক্ষক শিক্ষিকা মন্ডলী প্রশিক্ষণ প্রাপ্ত ও অভিজ্ঞ। এসএসসি পরীক্ষায় ফলাফল প্রতি বৎসরই সন্তোষজনক। এ প্রতিষ্ঠান থেকে অদ্যাবধি এসএসসি পরীক্ষায় কোন ছাত্রী অসৎ উপায় অবলম্বন করেনি ও কোন ছাত্রী বহিস্কৃত বা সাজাপ্রাপ্ত হয়নি। ছাত্রীদের জন্য স্কুলে ড্রেস ও গার্লস গাইডের ব্যবস্থা আছে। বিদ্যালয়টি পাইলট স্কীমের অন্তর্ভুক্ত এবং সমন্বিত বিজ্ঞান উন্নয়ন পরিকল্পনাধীন।

বিদ্যালয়ের একটি দ্বিতয় ভবন ও একটি বিজ্ঞান ভবনসহ মোট তিনটি বিলডিং এবং দুইটি আধাপাকা টিনের ঘর ও প্রয়োজনীয় শ্রেণী কক্ষ রয়েছে। প্রধান শিক্ষিকার জন্য বিদ্যালয় সংলগ্ন পৃথক বাস ভবন ও মৎস্য চাষের জন্য দুইটি পুকুর রয়েছে। বিদ্যালয়ে বিদ্যুতের ব্যবস্থা করা হয়েছে। শিক্ষক শিক্ষিকা ও ছাত্রীদের জন্য পৃথক পৃথক ৪টি সিনিটারী শৌচাগার আছে। এক কথায় এ বিদ্যালয়টি জেলার একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানরূপে পরিচিত।

প্রসঙ্গত এখানে উল্লেখ করা যেতে পারে যে, ১৯৮০ইং সনে ইছামতি নদী পুনঃখনন উপলক্ষে ঝিটকায় এসে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান মন্ত্রী পরিষদসহ ঝিটকা উচ্চ বিদ্যালয়ে একটি ঐতিহাসিক রাত্রি উদযাপন করেছিলেন তখন মহিলা মন্ত্রী ও মহিলা সংসদ সদস্যা এবং মহিলা বিষয়ক কর্মকর্তাবৃন্দ এই ঝিটকা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে রাত্রি যাপন করেন। একটি নিভৃত পল্লীর বুকে মন্ত্রী পরিষদ ও সংসদ সদস্য সদস্যা এবং সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণসহ একজন রাষ্ট্র প্রধানের এই অবস্থান একটি ঐতিহাসিক ঘটনা। এবং এ জন্য এলাকাবাসী বিশেষ করে ঝিটকা বালিকা বিদ্যালয় সঙ্গতভাবেই গর্বিত। আমরা জানি যে, ঝিটকার এক জনসভার মাননীয়া প্রধান মন্ত্রী প্রতি থানায় পর্যায় ক্রমে একটি বালকও একটি বালিকা বিদ্যালয় জাতীয়করণ করা হবে বলে ঘোষণা করেছেন। এ থানায় একটি বালক বিদ্যালয় বিগত সরকারের আমলে জাতীয়করণ করা হয়েছে। এবার বর্তমান সরকারের আমলে ঐতিহ্যবাহী ঝিটকা বালিকা বিদ্যালয়টিকে জাতীয়করণ করা হবে এটাই প্রত্যাশিত আমরা সে প্রত্যাশাই করছি। এবং এ ব্যাপারে মাননীয়া প্রধান-মন্ত্রীর প্রতি বিনীত আবেদন জানাচ্ছি।

হোসনেয়ারা মোকিম
প্রধান শিক্ষিকা ঝিটকা বালিকা উচ্চ বিদ্যালয়
ঝিটকা মানিকগঞ্জ।